



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিয়ম তৈরির প্রক্রিয়ায় জনগণের মতামত গ্রহণ সম্প্রসারিত করতে
বিধিমালায় স্বাক্ষর করলেন

**বিধিমালা (S.0155/A.6267) এজেন্সিগুলিকে প্রস্তাবিত নিয়মের উপর জনগণের
অংশগ্রহণ অনুরোধ করে গণ-শুনানি আয়োজনে উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করার জন্য
অনুমতি প্রদান করে**

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা (S.0155/A.6267) স্বাক্ষর করেছেন যা নিয়ম তৈরির
প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ করার ক্ষমতাকে আরো বৃদ্ধি করে। বিধিমালাটির ফলে
এজেন্সিগুলি জনসাধারণের আরো অংশগ্রহণ নিশ্চিত করতে প্রথাগত নয় এমন পদ্ধতিও
ব্যবহার করতে পারবে। এছাড়াও জনগণ কোনও এজেন্সির কাছে একটি বৈধ পিটিশন করতে
পারবে যার ফলে এজেন্সিকে কোনও নির্দিষ্ট নিয়ম বা প্রবিধানের উপর একটি শুনানি আয়োজন
করতে হবে।

"আমার প্রশাসন পরিবর্তন এনে উন্মুক্ত ও স্বচ্ছ স্টেট সরকারের একটি নতুন যুগের সূচনা করার
জন্য প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমি এই বিধিমালায় স্বাক্ষর করতে পেরে গর্বিত,
এটি নিউ ইয়র্কবাসীর পক্ষে আমরা যেসকল কাজ করি তা জনগণের মতামতের পরিপ্রেক্ষিতে
হচ্ছে এবং স্টেট এজেন্সির করা কার্যক্রম যে সকলের সম্মুখে হচ্ছে, গোপনে নয়, তা নিশ্চিত
করার জন্য একটি অগ্রগামী পদক্ষেপ।"

বিধিমালা S.0155/A.6267 স্টেট প্রশাসনিক প্রক্রিয়া অ্যাক্টকে (State Administrative Procedure
Act, SAPA) সংশোধন করে যেসকল এজেন্সি SAPA-র অধীনে প্রস্তাবিত নিয়মের উপর শুনানি
আয়োজন করে তাদের নিয়ম তৈরির প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ বৃদ্ধি করতে উদ্ভাবনী পন্থা
ব্যবহার করার অনুমোদন প্রদান করে, যেমন:

- একটি সময়কাল নির্ধারিত করে দেওয়া যখন জনগণ এজেন্সির সদস্যকে প্রশ্ন করতে
পারবে;
- গোলটেবিল বৈঠক হিসেবে শুনানি আয়োজন করা; সন্ধ্যায় বা সপ্তাহান্তে শুনানি
আয়োজন করা; এবং
- ডিজিটাল, ব্রডকাস্ট এবং টেলিকনফারেন্সিং প্রযুক্তি ব্যবহার করা।

এছাড়াও বিধিমালাটি কর্মসূচির আওতাধীন এজেন্সিগুলির জন্য নিউ ইয়র্ক স্টেটে বসবাসরত মানুষের আবশ্যিক সংখ্যক স্বাক্ষরসহ লিখিত পিটিশন পেলে প্রস্তাবিত নিয়মের উপর গণ-শুনানি আয়োজন করা আবশ্যিক করে, যদি জনসাধারণের মত প্রকাশের শেষ দিনের কমপক্ষে 30 দিন পূর্বে পিটিশন পাওয়া হয়। সেই তারিখের পর পিটিশন পাওয়া এজেন্সি এবং যেসকল এজেন্সি বিধিমালায় আওতাধীন নয় তারা নিজেদের ইচ্ছানুসারে অনুরোধের অনুবর্তী গণ-শুনানি আয়োজন করতে পারবে। এজেন্সিগুলিকে অবশ্যই একটি বিশেষ অঞ্চলে একটি শুনানি আয়োজনের অনুরোধকে যথাযথভাবে বিবেচনা করে দেখতে হবে।

এজেন্সিগুলিকে গণ-শুনানি আয়োজন করতে হবে না সেইসকল নিয়মের ক্ষেত্রে যেগুলির জন্য আইন দ্বারা শুনানি আবশ্যিক কিন্তু যা ইতিমধ্যে আয়োজিত হয়েছে বা আয়োজনের সময় নির্ধারিত হয়েছে, সর্বসম্মতিক্রমে হওয়া নিয়মের জন্য, হার-নির্ধারণ সংক্রান্ত নিয়মের জন্য, বা জরুরি অবস্থায় প্রয়োগকৃত নিয়মের জন্য। বিধিমালাটি নির্দিষ্ট করে বলে যে নিম্নোক্ত এজেন্সিগুলির জন্য একটি পিটিশন পেলে পাইলট ভিত্তিতে শুনানি আয়োজন করা আবশ্যিক: শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board) এবং শিক্ষা (Department of Education), এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation), স্বাস্থ্য (Department of Health), আর্থিক সেবা (Department of Financial Services), শ্রম ও পারিবারিক সহায়তা (Department of Labor and Family Assistance) বিভাগসমূহ।

স্টেট সিনেটর মাইকেল জিয়ানারিস বলেন, "কোভিড-19 মহামারী আমাদেরকে সরকারে স্বচ্ছতার অতি গুরুত্বপূর্ণ প্রভাব শিখিয়েছে। আমাদের উচিত আমাদের প্রগতিশীল আদর্শ অনুযায়ী চলা এবং আমাদের সরকারকে জনগণের নাগালের মধ্যে নিয়ে আসা, যাদের সেবা প্রদানের জন্যই সরকার। আমি আনন্দিত যে গভর্নর হোকল এই একই বিশ্বাস রাখেন এবং এই বিধিমালায় স্বাক্ষর করেছেন।"

অ্যাসেম্বলি সদস্য জোহরান মামদানি বলেন, "স্টেট এজেন্সিগুলির জবাবদিহি করতে হওয়া উচিত কিন্তু ঐতিহাসিকভাবে তারা জনসাধারণের কাছ থেকে খুব কম মতামত নিয়েছে এবং সেটিও খুব অকার্যকরভাবে করেছে। আমি গর্বিত যে এই বিধিমালা সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় জনগণের আরো অর্থপূর্ণ অংশগ্রহণের নতুন পন্থা বাস্তবায়ন করবে, যাতে গণতন্ত্রকে ব্যালট বাক্সের বাইরেও বিস্তৃত করা যায় এবং গণতন্ত্রের প্রকৃত ও পূর্ণ প্রয়োগ সম্ভব করা যায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418